




প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে টিচার্স ক্রিকেট টুর্নামেন্ট ২০২৪'র সমাপনী অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের টিচার্স ক্রিকেট টুর্নামেন্ট ২০২৪ এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে। ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ দুপুর ২ টায় বিশ্ববিদ্যালয়ের ৬ দফা বেদী সংলগ্ন মাঠে উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার উপস্থিতিতে টুর্নামেন্টের সমাপনী পর্বের খেলা উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. আতিউর রহমান। এসময় বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন মোহাম্মদ তানভীর কায়ছার, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন দিলআফরোজ খানম, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) ড. মোহাম্মদ সাখাওয়াত হোসেন, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. আব্দুল কাইউমসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকমন্ডলী, টিমের খেলোয়াড়গণসহ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। টুর্নামেন্টের সমাপনী পর্বে 'স্বাধীনতা ২৬' ও 'বিরোচিত ৬ দফা' টিমের মধ্যে খেলা অনুষ্ঠিত হয় এবং 'স্বাধীনতা ২৬' টিম জয় লাভ করে। টুর্নামেন্টে পদার্থবিজ্ঞান বিভাগের সহকারি অধ্যাপক ড. লোকমান হোসেন কনভেনারের দায়িত্ব পালন করেন। উল্লেখ্য যে, টিচার্স ক্রিকেট টুর্নামেন্ট ২০২৪ গত ২৮ জানুয়ারি শুরু হয়েছিলো যেখানে শিক্ষকদের ৬টি টিম অংশগ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়